

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার
বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-২
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd



স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৪৮.২০.৪৮

তারিখ: ১৩ কার্তিক ১৪২৭

২৯ অক্টোবর ২০২০

বিষয়: রিট পিটিশন নং-১০৪৬০/২০১৯ মামলায় রুল নিশির আলোকে Show Cause এর জবাবসহ মামলাটিতে প্রতিদ্বন্দ্বিতা করার লক্ষ্যে সরকার পক্ষের জবাব (Affidavit in opposition) দাখিলসহ প্রয়োজনীয় আইনী ব্যবস্থাগ্রহণক্রমে টিএমইডিতে তথ্যপ্রেরণ।

সূত্র: মহামান্য হাইকোর্ট বিভাগের রুল নিশি জারির আদেশ, তারিখ: ৩০.০৯.২০১৯ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকেমহোদয়ের সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, জনাব মো: ইসমাইল হোসেন আকন্দ, পিতা: মৃত নায়েক মামুন আকন্দ, মাতা: মোছা: রহিমুন নেসা বেগম, গ্রাম: বিরাহিমপুর, পোস্ট: ভাটগ্রাম-৫৭১০, থানা: সাদুল্ল্যাপুর, জেলা: গাইবান্ধা, পিয়ন, ইনডেক্স নং- ৩৯৭৯৫৭, কৃষ্ণপুর (মধ্যপাড়া) দাখিল মাদ্রাসা, পোস্ট: ভাটগ্রাম, উপজেলা: সাদুল্ল্যাপুর, জেলা: গাইবান্ধা কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১০৪৬০/২০১৯ মামলা দায়ের করা হয়েছে। মামলাটি মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর সংশ্লিষ্ট।

০২. উক্ত মামলার রুল নিশি জারীর আদেশ পর্যালোচনা করে দেখা যায় যে, কৃষ্ণপুর (মধ্যপাড়া) দাখিল মাদ্রাসা, কোড নং-৮৭০৫০২২১০১, পোস্ট: ভাটগ্রাম, উপজেলা: সাদুল্ল্যাপুর, জেলা: গাইবান্ধা এর জুলাই, ২০১৯ এর এমপিও তুল হওয়ায় (রুল নিশির বর্ণনামতে) আবেদনকারী জনাব মো: ইসমাইল হোসেন আকন্দ এর নাম এমপিও তালিকা থেকে বাদ পড়েছে। এর ফলে আবেদনকারীর এমপিও বন্ধ রয়েছে। এতে সংশ্লিষ্ট হয়ে এমপিও প্রাপ্তির দাবীতে মামলাটি দায়ের করা হয়েছে।

০৩. আবেদনকারী জনাব মো: ইসমাইল হোসেন আকন্দ এমপিওর দাবীতে গত ০২.০৯.২০১৯ খ্রি: তারিখ এবং ০৪.০৯.২০১৯ খ্রি: তারিখে আবেদন করেছেন। তার আবেদন দুটি নিষ্পত্তি করা হয়নি।

০৪. মামলাটির রুল নিশিতে আবেদনকারী জনাব মো: ইসমাইল হোসেন আকন্দ এর ০২.০৯.২০১৯ খ্রি: তারিখ এবং ০৪.০৯.২০১৯ খ্রি: তারিখের আবেদন দুটি নিষ্পত্তি না করার প্রেক্ষিতে আদালত কর্তৃক Show Cause করা হয়েছে এবং ২৮.১০.২০১৯ খ্রি: তারিখ বা তার পূর্বে Show Cause এর জবাব চাওয়া হয়েছে। Show Cause এর জবাব দেয়া প্রয়োজন।

০৫. উক্ত রিট পিটিশন মামলায় সচিব, শিক্ষা মন্ত্রণালয় মহোদয়-কে ১ নং রেসপনডেন্টসহ মোট ০৮ (আট) জনকে রেসপনডেন্ট করা হয়েছে।

০৬. উক্ত রিট পিটিশন মামলা বিষয়ে সরকার পক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত নিম্নবর্ণিত তথ্য (প্রমাণকসহ) আবশ্যিক-

(১) আবেদনকারী জনাব মো: ইসমাইল হোসেন আকন্দ এর ০২.০৯.২০১৯ খ্রি: তারিখ এবং ০৪.০৯.২০১৯ খ্রি: তারিখের আবেদন দুটি নিষ্পত্তি করা হয়েছে কী না? নিষ্পত্তি করা হয়ে থাকলে তার প্রমাণক এবং না হয়ে থাকলে নিষ্পত্তির ক্ষেত্রে কোন প্রতিবন্ধকতা আছে কী না?

(২) উক্ত মামলায় রুল নিশির আলোকে Show Cause এর জবাবসহ Affidavit in opposition মহামান্য আদালতে দাখিল হয়েছে কী-না?

(৩) রুল নিশির আদেশের প্রেক্ষিতে রুল নিষ্পত্তির উদ্দেশ্যে কী কী কার্যক্রম গ্রহণ করা হয়েছে? কার্যক্রমের প্রমাণক

প্রয়োজন।

- (৪) উক্ত মামলায় শুনানী অস্ত্রে কোন রায় প্রদান করা হয়েছে কী-না?
- (৫) উক্ত মামলার সর্বশেষ অবস্থা কী?
- (৬) উক্ত মামলা বিষয়ে টিএমইডি এর বর্তমানের করণীয় কী?

০৭. এমতাবস্থায় উপরিউক্ত মতে রিট পিটিশন নং-১০৪৬০/২০১৯ মামলায় সরকার পক্ষে জবাব (*Affidavit in opposition*) দাখিলক্রমে (পূর্বে দাখিল না হয়ে থাকলে) প্রমাণক এবং বিলম্বের কারণসহ মামলাটি বিষয়ে চাহিত তথ্য আগামী ১১.১১.২০২০ খ্রি: তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



২৯-১০-২০২০

ড. মো: মহাতাব হোসেন
সংযুক্ত কর্মকর্তা (আইন)

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
মাদরাসা শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৪৮.২০.৪৮/১(৭)

তারিখ: ১৩ কার্তিক ১৪২৭
২৯ অক্টোবর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ২) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৩) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪) সিসটেম এ্যানালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৫) যুগ্ম-সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬) উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৭) অফিস কপি/ মাস্টার কপি, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।



২৯-১০-২০২০

ড. মো: মহাতাব হোসেন
সংযুক্ত কর্মকর্তা (আইন)